# এনডিপি বার্তা

সংখ্যা ১২। বর্ষ ৭। জানুয়ারী-জুন, ২০১৭

গৌরবের ২৫ বছর
রজত জয়ন্তী


## ২৫ পেরিয়ে ২৬ বছরে পদার্পণ করলো এনডিপি

## সূচিপত্র


| | |
|---|---|
| ২৫ পেরিয়ে ২৬ বছরে পদার্পণ করলো এনডিপি | ০১ |
| গৌরবের ২৫ বছর | ০২-০৬ |
| রজত জয়ন্তী উৎসব ঃ সমাপণী অনুষ্ঠান | |
| দারিদ্র্যতাকে জয় করে সামনে এগিয়ে যেতে হবে | ০৭ |
| নারী পুরুষের সমতা, তাড়াশে এসএসসি দিল | |
| এডুকেশন এ্যাওয়ার্ড-২০১৭ | ০৮ |
| সৌহার্দ্য-III, ইউপিপি-উজ্জীবিত | ০৯ |
| এমফোরসি, ইএসএল, কুয়েত গুডউইল ফান্ড | ১০ |
| আলোকিত গ্রাম কর্মসূচি | |
| Low Income Community Housing Support Project | |
| প্রতিবন্ধী শিশুদের মাঝে হুইল চেয়ার বিতরণ | ১১ |
| প্রত্যাশা, সোস্যাল মার্কেটিং কোম্পানী | |
| প্রবীণ কল্যাণ কর্মসূচি | ১২ |
| বেড়া উপজেলার খাকছাড়া ও দমদমা গ্রামকে বাল্যবিবাহমুক্ত গ্রাম ঘোষণা | |
| জয়িতা পুরস্কার | ১৩ |
| জানুয়ারী - জুন ২০১৭ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শেষ ও শুরু হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ | ১৪ |
| রজত জয়ন্তী উৎসব ২০১৭ এর ফটো গ্যালারী | ১৫ |
| এনডিপি পরিবার | |
| এনডিপি প্রশিক্ষণকেন্দ্র | ১৬ |


## সম্পাদনা পরিষদ


*সম্পাদক ঃ*

মোঃ আলাউদ্দিন খান
নির্বাহী পরিচালক

*প্রণয়নে ঃ*

ড. এবিএম সাজ্জাদ হোসেন
পরিচালক, পিএমআরএন্ডই

মোল্লা আব্দুল্লাহ আল মেহদী
ম্যানেজার (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

*প্রকাশনায় ঃ*

রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি





এনডিপির প্রতিষ্ঠা বার্ষিকি উপলক্ষে কেক কাটছেন মোঃ আলাউদ্দিন খান, নির্বাহী পরিচালক, এনডিপি, নির্বাহী পরিচালকের ডানদিকে ড. শরীফ আহমদ চৌধুরী, মহা-ব্যবস্থাপক, পিকেএসএফ, সর্ব বামে জেসমিন আরা, সহকারি ব্যবস্থাপক, পিকেএসএফ এবং সর্ব ডানে তাসমেরী হোসেন মুক্তি, কোষাধ্যক্ষ, নির্বাহী পরিষদ, এনডিপি।

সিরাজগঞ্জ জেলার অন্যতম বেসরকারি উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি গৌরবের ২৫ বছর পেরিয়ে ১লা জানুয়ারী ২০১৭ খ্রিষ্টাব্দে ২৬ বছরে পদার্পণ করেছে। এ উপলক্ষ্যে কামারখন্দ উপজেলার বাগবাড়িস্থ সংস্থার প্রধান কার্যালয়ে কেক কেটে অনুষ্ঠানের সূচনা করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশনের মহা-ব্যবস্থাপক ড. শরীফ আহমদ চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেসমিন আরা (সহকারি ব্যবস্থাপক, পিকেএসএফ), তাসমেরী হোসেন মুক্তি (কোষাধ্যক্ষ, নির্বাহী পরিষদ, এনডিপি)। এনডিপি'র ২৬তম জন্মদিনে অনুষ্ঠানের সভাপতি হিসেবে মোঃ আলাউদ্দিন খান বলেন- আমি খুব গর্বিত ও আনন্দিত কারণ এনডিপি ভালোভাবে তার লক্ষ্যের দিকে এগিয়ে যাচ্ছে। প্রধান অতিথির বক্তব্যে ড. শরীফ আহমদ বলেন-এনডিপি অভীষ্ট লক্ষ্য অনুযায়ী কাজ করছে বলেই এতদুর আসতে পেরেছে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মোঃ মাফিজুল ইসলাম (পরিচালক, কর্মসূচি), ড. এবিএম সাজ্জাদ হোসেন (পরিচালক, পিএমআরএন্ডই), মোসলেম উদ্দিন আহমেদ (উপ-পরিচালক, এমএফপি), মিলন কুমার রায় (উপ-পরিচালক, অর্থ ও হিসাব) এবং এনডিপি'র অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।

# রজত জয়ন্তী উৎসব ঃ উদ্বোধনী অনুষ্ঠান



জাতীয় পতাকা উত্তোলন করছেন ড. কাজী খলীকুজ্জমান আহমদ (চেয়ারম্যান, পিকেএসএফ), মুহাম্মদ কামরুল হাসান (অতিরিক্ত জেলা প্রশাসক-সার্বিক, সিরাজগঞ্জ), এ্যাডভোকেট মোঃ শহীদুল ইসলাম খান (সহকারি এ্যাটর্নি জেনারেল ও উপদেষ্টা পরিষদ সদস্য-এনডিপি এবং সাবেক সংসদ সদস্য) ড. জাহেদা আহমদ (সাবেক অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়), মোঃ আলাউদ্দিন খান (নির্বাহী পরিচালক, এনডিপি), এবং এনডিপির অন্যান্য সাধারণ ও নির্বাহী পরিষদ সদস্যবৃন্দ ও কর্মকর্তা/কর্মচারিবৃন্দ)

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি'র ২৫ বছর পূর্তিতে প্রধান কার্যালয়ে ২দিন (৬ ও ৭ জানুয়ারী ২০১৭) ব্যাপী বর্ণাঢ্য রজত জয়ন্তী উৎসবের আয়োজন করা হয়। জাতীয় পতাকা ও সংস্থার পতাকা উত্তোলনের মধ্য দিয়ে ৬ই জানুয়ারী ২০১৭ খ্রিষ্টাব্দ রজত জয়ন্তী উৎসবের শুভ উদ্বোধন করেন বাংলাদেশ তথা দক্ষিন এশিয়ার বরেণ্য অর্থনীতিবিদ পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশনের চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। উৎসব অনুষ্ঠানে আলোচনা পর্বে প্রধান অতিথি তার বক্তব্যে বলেন-বাংলাদেশ অর্থনৈতিক মুক্তির দিকে এগিয়ে যাচ্ছে। বিশ্ব ব্যাংক আমাদেরকে ২ বিলিয়ন ডলার ঋন দিতে বিশেষ আগ্রহ প্রকাশ করেছে কিন্তু আমরা ঋণ সহায়তা নেব কিনা ভেবে দেখছি। তিনি আরও বলেন - বাংলাদেশ বর্তমান বিশ্বে অর্থনৈতিক ও নারীর অগ্রযাত্রায় রোল মডেল। জাতিসংঘ অধিবেশনে বাংলাদেশের অগ্রগতি উদাহরণ হিসেবে তুলে ধরা হয়। এ সকল উন্নয়নে সরকারের পাশাপাশি যেসব বেসরকারি উন্নয়ন সংস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এনডিপিও তারমধ্যে একটি। সিরাজগঞ্জসহ এর আশেপাশের ৪/৫টি জেলার দরিদ্র মানুষের আর্থিক ও সামাজিক উন্নয়নে এনডিপি অগ্রণী ভূমিকা পালন করছে। আশা করি এনডিপি এই ধারাবাহিকতা অব্যাহত রাখবে। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মাহ্ জাবীন মাসুদ (সভাপতি, নির্বাহী পরিষদ, এনডিপি)। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুহাম্মদ কামরুল হাসান (অতিরিক্ত জেলা প্রশাসক-সার্বিক, সিরাজগঞ্জ), ড. জাহেদা আহমদ (সাবেক অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়), এ্যাডভোকেট মোঃ শহীদুল ইসলাম খান (সহকারি এ্যাটর্নি জেনারেল ও উপদেষ্টা পরিষদ-এনডিপি, এবং সাবেক সংসদ সদস্য), আব্দুল মতিন চৌধুরী (চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কামারখন্দ), মোঃ আবদুল হক (চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াশ) ও মোহাম্মদ আলী আকন্দ (চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি)। এছাড়াও এনডিপি'র সকল স্তরের কর্মকর্ত/কর্মচারী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অতিথিবৃন্দ তাদের বক্তব্যে এনডিপি'র উত্তরোত্তর সাফল্য কামনা করেন এবং বর্তমান সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখতে উৎসাহ দেন।

# রজত জয়ন্তী উৎসব ঃ স্বাগত বক্তব্য




স্বাগত বক্তব্য দিচ্ছেন জনাব মোঃ আলাউদ্দিন খান (নির্বাহী পরিচালক, এনডিপি)

সিরাজগঞ্জ জেলার অন্যতম বেসরকারি উন্নয়ন সংস্থা এনডিপি ২০১৭ খ্রিষ্টাব্দে ২৫ বছর পার করে ২৬ বছরে পা দিল। ২৫ বছর বয়স মানেই যৌবন। নানা চড়াই উৎরাই পার করে এনডিপি হত দরিদ্র মানুষের ভাগ্য উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এগিয়ে চলেছে অভীষ্ট লক্ষ্যের দিকে। প্রতি বছর সাধারণভাবে প্রতষ্ঠা বার্ষিকী পালন করলেও এবারেরটা একটু ভিন্ন রকম। ২৫ বছর পূর্তি উপলক্ষ্যে ২দিন ব্যাপী রজত জয়ন্তী উৎসবের আয়োজন করা হয়। উৎসবের উদ্বোধন করেন প্রধান অতিথি পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশনের চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ। উদ্বোধন শেষে স্বাগত বক্তব্য দেন এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। তিনি বলেন- বাংলাদেশের অতি বন্যা প্রবণ এলাকাগুলোর মধ্যে সিরাজগঞ্জ জেলা অন্যতম। প্রবল খরস্রোতা যমুনা নদী তীরবর্তী এ জেলায় ১৯৮৮ সনের ভয়াল বন্যায় ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়। শতাব্দীর ভয়াবহতম এ বন্যায় সম্পদের পাশাপাশি ব্যাপক প্রাণহানীও ঘটে। তখন বন্যার্তদের সাহায্যে এগিয়ে আসে দেশী-বিদেশী বহু দাতা সংস্থা। এমতাবস্থায় আমি একদল তরুণ নিয়ে দাতা সংস্থার সাথে বন্যার্তদের সাহায্যে এগিয়ে যাই। পরবর্তীতে এই ত্রাণ বিতরণের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে এলাকার হত দরিদ্র মানুষের কথা ভেবে ১৯৯২ সালে প্রতিষ্ঠা করা হয় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি। তারপর থেকেই এনডিপি অভীষ্ট লক্ষ্যে পৌছাতে নিজস্ব ও সহযোগি সংস্থার অর্থায়নে বিভিন্ন প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করে চলেছে। ইতিমধ্যে সহযোগি সংস্থা হিসাবে এনডিপি উন্নয়ন সহযোগি সংস্থা/দাতা সংস্থার কাছে সক্ষমতা প্রমান করেছে। এই সাফল্যের ধারাবাহিকতায় পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশন এর সাথে ২০০৫ সাল থেকে কাজ করছে এনডিপি। পিকেএসএফ'র সহায়তায় বিভিন্ন উন্নয়ন কর্মসুচি যেমন শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, প্রাণি সম্পদ, সমৃদ্ধি প্রভৃতি বাস্তবায়িত হওয়ায় এনডিপি'র কার্য পরিধি আরও সম্প্রসারিত হয়েছে। পিকেএসএফ ছাড়াও বিভিন্ন উন্নয়ন সহযোগি/দাতা সংস্থা যেমন কেয়ার বাংলাদেশ, সিডিডি, এনজিও ফোরাম ফর পাবলিক হেল্‌থ, ইডকল, নারীপক্ষ, ইডব্লিউজি-দ্য এশিয়া ফাউন্ডেশন, ইউএনডিপি, ইউনিসেফ, মহিলা বিষয়ক অধিদপ্তর (সরকারি), বিশ্ব খাদ্য কর্মসুচি, সুইসকন্টাক্ট, ডিএফআইডি, লাইট হাউজ, হেইফার ইন্টারন্যাশনাল, মানুষের জন্য ফাউন্ডেশন, বিএসআরএম ফাউন্ডেশন, গণসাক্ষরতা অভিযান, ইউকেএইড, ইনাফি ইন্টারন্যাশনাল এর সাথে বিভিন্ন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়ন করছে। বর্তমানে এনডিপি'র উপকারভোগীর সংখ্যা ৩ লক্ষাধিক। ৫০টি শাখা অফিস ও ২০টি প্রকল্প অফিসের মাধ্যমে ৭শতাধিক চৌকষ কর্মী নিরলসভাবে কাজ করে যাচ্ছে। যার ফল আজকের এই এনডিপি। সবশেষে তিনি সব সম্মানিত অতিথিবৃন্দকে উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

# রজত জয়ন্তী উৎসব ঃ ড. কাজী খলীকুজ্জমান আহমদ




বক্তব্য দিচ্ছেন ড. কাজী খলীকুজ্জমান আহমদ (চেয়ারম্যান, পিকেএসএফ)

এনডিপি আয়োজিত ২দিন ব্যাপী রজত জয়ন্তী উৎসব অনুষ্ঠানের উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে আসন গ্রহণ করেন ড. কাজী খলীকুজ্জমান আহমদ (চেয়ারম্যান, পিকেএসএফ)। প্রধান অতিথি উদ্বোধনী অনুষ্ঠানের শুরুতেই জাতীয় সঙ্গীত বাজিয়ে জাতীয় পতাকা ও সংস্থার পতাকা উত্তোলন করেন। তারপর তিনি এনডিপি'র বিভিন্ন প্রকল্প/কর্মসূচি'র ২৩টি ষ্টল উদ্বোধন করেন এবং প্রতিটি ষ্টল ঘুরে ঘুরে পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প/কর্মসূচি'র ষ্টাফদের কাছ থেকে প্রকল্প/কর্মসূচি সম্পর্কে অবগত হন। পরিদর্শন শেষে বক্তৃতায় তিনি বলেন-আজকের এই দিনে এখানে উপস্থিত হতে পেরে খুব ভালো লাগছে। ২৫ বছর দীর্ঘ সময়। সুদীর্ঘ ২৫ বছরে এনডিপি হাঁটি হাঁটি পা পা করে আজকের অবস্থানে এসেছে। এ পর্যন্ত আসতে অনেক কাঠ-খড় পোড়াতে হয়েছে। যিনি শুরু থেকেই সংস্থার কান্ডারী হিসেবে হাল ধরে আছেন তিনি মোঃ আলাউদ্দিন খান। আমি তাকে সাধুবাদ জানাই। দীর্ঘ ২৫ বছর ধরে তার নেতৃত্বে এনডিপি অভীষ্ট লক্ষ্যের দিকে এগিয়ে যাচ্ছে। বর্তমানে এনডিপি'র তিন লক্ষাধিক উপকারভোগী। সেই ১৯৯২ সাল থেকে হত দরিদ্র মানুষের জীবনযাত্রার মান উন্নয়নে কাজ করে যাচ্ছে। তিনি আরও বলেন-আমার কাছে কয়েকটি বিষয় নতুনের মত মনে হয়েছে। কেউ যখন কোন কাজ দীর্ঘদিন ধরে করেন, তখন তার মধ্যে সাধারণতঃ অলসতা ভর করে। কিন্তু মোঃ আলাউদ্দিন খান তার ব্যতিক্রম। মনে হচ্ছে তিনি আরও পরিশ্রমী হয়েছেন।

এনডিপি'তে দেখলাম ২৫ বছর ধরে কাজ করছেন এমন কর্মী যেমন আছেন, তেমনি কয়েক বছর ধরে কাজ করছেন এমন কর্মীও আছেন। পুরাতনের অভিজ্ঞতা ও নতুনের শক্তি কাজকে চুড়ান্ত পর্যায়ে এগিয়ে নিতে সাহায্য করে। আমি সকলের কাছে একটি বার্তা পৌছে দিতে চাই-আপনাকে কোন কাজ দীর্ঘ সময় ধরে করতে হবে তার কোন মানে নাই, যতদিন ভালো লাগে ততদিন অঙ্গীকারের সাথে করুন। বাংলাদেশের উন্নয়ন প্রসঙ্গে বলেন-এই দেশের আর্থিক অগ্রগতি ও নারীর ক্ষমতায়ন সারা বিশ্বের কাছে রোল মডেল। বাংলাদেশ এখন আর বিশ্ব ব্যাংকের ঋণ সহায়তার দিকে তাকিয়ে থাকে না। ক্ষুদ্র ঋণ বিষয়ে বলেন, ক্ষুদ্র ঋণ আসলে মানুষের অর্থনৈতিক মুক্তি দেয় না। এজন্য দরকার শিক্ষা, স্বাস্থ্য, কারিগরি প্রশিক্ষণ ও অর্থায়নসহ সমন্বিত কর্মসূচি। আর এই সমন্বিত কর্মসূচিই পারে সমাজের পিছিয়ে পড়া হত দরিদ্র মানুষের অর্থনৈতিক ও সামাজিক মর্যাদা বৃদ্ধি করতে। বর্তমানে এই সমন্বিত কর্মসূচি বাস্তবায়নে সরকারের পাশাপাশি বেসরকারি উন্নয়ন সংস্থাগুলোও কার্যকর ভূমিকা পালন করছে।

## রজত জয়ন্তী উৎসব ঃ জেলা প্রশাসক, সিরাজগঞ্জ

২৫ বছর পূর্তি উৎসবের সমাপণী অনুষ্ঠানের সভাপতি হিসেবে আসন গ্রহণ করেন কামরুন নাহার সিদ্দীকা (জেলা প্রশাসক, সিরাজগঞ্জ)। জেলা প্রশাসক মহোদয়কে নির্বাহী পরিচালক, এনডিপি ফুল দিয়ে বরণ করেন। ফুল বরণ শেষে তিনি রজত জয়ন্তী উৎসব উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের প্রতিটি ষ্টল ঘুরে ঘুরে পরিদর্শন করেন। ষ্টল পরিদর্শনকালে তিনি প্রকল্প/কর্মসূচি সম্পর্কে অবগত হন। পরিদর্শন শেষে সভাপতি হিসেবে সমাপণী বক্তব্যে বলেন-এনডিপি'র বয়স ২৫ বছর পূর্ণ হয়েছে। এটা অনেক গৌরবের বিষয়। সিরাজগঞ্জসহ উত্তরবঙ্গে অনেক বেসরকারি উন্নয়ন সংস্থা আছে কিন্তু তার মধ্যে মাত্র কয়েকটি তাদের লক্ষ্য অনুযায়ী এগুতে পেরেছে। এনডিপি সফল বেসরকারি সংস্থাগুলোর মধ্যে একটি। সিরাজগঞ্জসহ এর আশে পাশের বেশ কয়েকটি জেলায় হত দরিদ্র মানুষের পাশে থেকে তাদের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এনডিপি'র কঠোর পরিশ্রম ও স্বচ্ছতাই এনডিপি'কে আজ এই পর্যায়ে এনেছে। এজন্য অবশ্য এনডিপি'র প্রতিষ্ঠাতা ও বর্তমান নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান এর কৃতিত্ব অনন্য সাধারণ। তার যোগ্য নেতৃত্ব ও একদল পরিশ্রমী কর্মী বাহিনী এনডিপি'কে সামনে এগিয়ে নিয়ে যাচ্ছে। সিরাজগঞ্জের অন্যতম বড় একটি বেসরকারি উন্নয়ন সংস্থা হিসেবে এনডিপি'র কাছে জনগণের চাওয়া অনেক। আমি আশা করি



রজত জয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত এমফোরসি প্রকল্পের ষ্টল পরিদর্শন করছেন রাশেদা কে চৌধুরী (নির্বাহী পরিচালক ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা), কামরুন নাহার সিদ্দীকা (জেলা প্রশাসক, সিরাজগঞ্জ), শাহীনা খাতুন (জেলা প্রশাসক, নাটোর) এবং মোঃ আলাউদ্দিন খান (নির্বাহী পরিচালক, এনডিপি)

এনডিপি তার সাফল্যের ধারাবাহিকতা ধরে রেখে আরও বেশি মানুষের কাছে পৌঁছে যাবে। সবশেষে তিনি অনুষ্ঠানটি সফলভাবে শেষ করতে পারায় এনডিপি'র সবাইকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

## রজত জয়ন্তী উৎসব ঃ জেলা প্রশাসক, নাটোর




বক্তব্য দিচ্ছেন রজত জয়ন্তী অনুষ্ঠানের সম্মানীত অতিথি শাহীনা খাতুন (জেলা প্রশাসক, নাটোর)

২দিন ব্যাপী রজত জয়ন্তী উৎসবে সমাপণী অনুষ্ঠানের সম্মানীত অতিথি শাহীনা খাতুন (জেলা প্রশাসক, নাটোর) এনডিপি'তে প্রথমবারের মত পদার্পণ করেন। এ উপলক্ষ্যে শুরুতেই নির্বাহী পরিচালক, এনডিপি তাকে ফুল দিয়ে বরণ করেন। তারপর রাশেদা কে চৌধুরী (নির্বাহী পরিচালক, গণসাক্ষরতা অভিযান), কামরুন নাহার সিদ্দীকা (জেলা প্রশাসক, সিরাজগঞ্জ) এর সাথে প্রতিটি ষ্টল পরিদর্শন করেন। এনডিপি'র চমৎকার এই আয়োজনের জন্য পরিদর্শন দলটি মুগ্ধতা প্রকাশ করেন। পরিদর্শন শেষে তিনি বক্তৃতায় বলেন-এনডিপি সম্পর্কে আমি আগে থেকেই জানতাম কারণ নাটোর জেলায়ও এনডিপি বেশ সুনামের সাথে কাজ করছে। আজ এখানে এসে আরও ভালোভাবে জানার সুযোগ হলো। সিরাজগঞ্জ থেকে এনডিপি'র কার্যক্রম শুরু হলেও এর পরিধি বেড়ে আজ নাটোরসহ আশেপাশের জেলায় বিস্তার লাভ করেছে। বেশ কিছু ভালো প্রকল্প/কর্মসূচি এনডিপি বাস্তবায়ন করছে যা হত দরিদ্র মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে সরকারের পাশাপাশি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তিনি আরও বলেন-সংস্থাটি যে এত দ্রুত বিস্তার লাভ করেছে এখানে না আসলে বুঝতে পারতাম না। আমার আরও ভালো লাগছে কারণ রাশেদা আপা ও কামরুন নাহার আপার মত গুণী দুজনের সাথে একসাথে দেখা হলো। সবশেষে এনডিপি'র মঙ্গল কামনা করে বক্তব্য শেষ করেন। উল্লেখ্য তিনি ২দিন ব্যাপী অনুষ্ঠানের সমাপণী দিনের সাংস্কৃতিক অনুষ্ঠানের শুরুতে সুন্দর একটি গান পরিবেশন করেন।

## রজত জয়ন্তী উৎসব ঃ প্রতিষ্ঠাতা সভাপতি, এনডিপি

১৯৯২ খ্রিষ্টাব্দ থেকে ২০১৬ খ্রিষ্টাব্দ। ২৫ বছর পেরিয়ে গেছে। এনডিপি'র বয়সও তাই আজ ২৫ শেষে ২৬শে পা দিয়েছে। রজত জয়ন্তী উৎসব অনুষ্ঠানে এ্যাডভোকেট মোঃ শহিদুল ইসলাম খান (এনডিপি'র প্রতিষ্ঠাতা সভাপতি ও বর্তমান উপদেষ্টা পরিষদ সদস্য এবং সাবেক সংসদ সদস্য) বিশেষ অতিথির আসন গ্রহণ করেন। বিশেষ অতিথির বক্তব্যে তিনি বলেন-এনডিপি'তে আমার অনেক স্মৃতি পড়ে আছে। এনডিপি'কে প্রতিষ্ঠার পর থেকে কতই না চড়াই উৎরাই পার করতে হয়েছে। কখনও মনে হয়েছে সামনে এগুনো খুবই কঠিন, আবার মনে হয়েছে চেষ্টা করেই দেখি না কেন। এরকম অবস্থায় বর্তমান নির্বাহী পরিচালক আমার ছোট ভাই মোঃ আলাউদ্দিন খান শুরু থেকেই শক্ত হাতে হাল না ধরলে এনডিপি আজ এ পর্যায়ে আসত না। সকল কৃতিত্ব তারই বলা চলে। আজ ৭০০ এর উপর কর্মী বাহিনী। ৩ লক্ষাধিক উপকারভোগী। আজ আমরা সফল হয়েছি বলে রজত জয়ন্তী উৎসব উদযাপন করছি। এ সংস্থা একদিন অনেকদুর এগিয়ে যাবে ইনশাল্লাহ।




এনডিপি'র প্রতিষ্ঠাতা সভাপতি ও বর্তমান উপদেষ্টা পরিষদের অন্যতম সদস্য এবং সহকারি এ্যাটর্ণি জেনারেল মোঃ শহীদুল ইসলাম খান (সাবেক সংসদ সদস্য) উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা দিচ্ছেন।

## রজত জয়ন্তী উৎসব ঃ সভাপতি, নির্বাহী পরিষদ, এনডিপি




বক্তৃতা দি"ছেন মাহ্ জাবীন মাসুদ (সভাপতি, নির্বাহী পরিষদ, এনডিপি)

১ জানুয়ারী ২০১৭ খ্রিষ্টাব্দে কেক কাটা অনুষ্ঠানের মধ্য দিয়ে মূলত: এনডিপি'র রজত জয়ন্তী উৎসবের শুরু হয়। এর পর ২দিন ব্যাপী (৬ ও ৭ জানুয়ারী ২০১৭ খ্রিষ্টাব্দ) রজত জয়ন্তী উৎসবটি পালিত হয়। এনডিপি'র নির্বাহী পরিষদের সভাপতি জনাব মাহ্ জাবীন মাসুদ কেক কাটা, জাতীয় পতাকা ও সংস্থার পতাকা উত্তোলনসহ বেলুন উড়ানো অনুষ্ঠানে উপস্থিত থেকে রজত জয়ন্তী উৎসব পালন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে তিনি সভাপতির দায়িত্ব পালন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন-আমি প্রথমেই মোঃ আলাউদ্দিন খানকে ধন্যবাদ দিতে চাই কারণ, তিনি ২৫ বছর ধরে একইভাবে লেগে থেকে এনডিপি'কে আজ এ পর্যায়ে নিয়ে এসেছেন। তার দক্ষ নেতৃত্বে এনডিপি লক্ষ্য অনুযায়ী কাজ করে চলেছে। এনডিপি'র অগ্রগতি চোখে পড়ার মত। যার ফলস্বরুপ আমরা ২৫ বছর পূর্তির জন্য এই উৎসব পালন করছি। আমিও বেশ কয়েক বছর হয়ে গেছে নির্বাহী পরিষদের সভাপতি'র দায়িত্ব পালন করছি। তাই কাছ থেকে দেখার সুযোগ হয়েছে আলাউদ্দিন ভাইয়ের যোগ্য নেতৃত্ব। সবশেষে উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে ও এনডিপি সাফল্যের ধারাবাহিকতা বজায় থাকবে এই কামনা করে উদ্বোধনী অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

## রজত জয়ন্তী উৎসব ঃ সমাপণী অনুষ্ঠান

বাংলাদেশের মানুষ ক্ষুদ্র চিন্তা বাদ দিয়ে বৃহৎ অর্থনৈতিক অগ্রগতির দিকে যাচ্ছে। দেশের অন্যতম বৃহৎ বেসরকারি উন্নয়ন সংস্থা সিরাজগঞ্জের ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি তার প্রতিষ্ঠার ২৫ বছর পূর্তিতে ২দিন ব্যাপী রজত জয়ন্তী অনুষ্ঠানের শেষদিনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরী। তিনি তার বক্তব্যে নারীদের উন্নয়ন ও হতদরিদ্র পরিবারের শিশুদের শিক্ষার জন্য কাজ করায় এনডিপি'র ভূয়সী প্রশংসা করে বলেন-এনডিপি তার অভীষ্ট লক্ষ্যে পৌছাতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সিরাজগঞ্জসহ কয়েকটি জেলায় শিক্ষা, স্বাস্থ্যসহ সমন্বিত কর্মসূচি বাস্তবায়ন করে হত দরিদ্র মানুষের ভাগ্য উন্নয়নে বাংলাদেশ সরকারের পাশাপাশি বেসরকারি সংস্থা হিসেবে এনডিপি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এতে সংস্থার প্রধান হিসেবে মোঃ আলাউদ্দিন খান (নির্বাহী পরিচালক, এনডিপি) ভূমিকার কথা বিশেষভাবে তুলে ধরেন। শেষে তিনি এনডিপি'র অগ্রগতির ধারা ধরে রাখতে সকল কর্মকর্তা/কর্মচারীকে তাদের সর্বোচ্চটুকু দেওয়ার তাগিত দিয়ে এবং সবার সুস্থতা কামনা করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।




বক্তব্য দিচ্ছেন রাশেদা কে চৌধুরী
(নির্বাহী পরিচালক, গণসাক্ষরতা অভিযান ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা)

## দারিদ্র্যতাকে জয় করে সামনে এগিয়ে যেতে হবে-জেলা প্রশাসক, সিরাজগঞ্জ



শিক্ষার্থীর হাতে বৃত্তির টাকা তুলে দিচ্ছেন কামরুন নাহার সিদ্দীকা
(জেলা প্রশাসক, সিরাজগঞ্জ) ও মোঃ আলাউদ্দিন খান ( নির্বাহী পরিচালক, এনডিপি)

এনডিপি ও পিকেএসএফ'র সহযোগিতায় পরিচালিত শিক্ষা সহায়তা কর্মসূচি'র উদ্যোগে ৪ই জুন ২০১৭ খ্রিষ্টাব্দে শিক্ষা বৃত্তি প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এনডিপি'র প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত এই শিক্ষা বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি কামরুন নাহার সিদ্দীকা, জেলা প্রশাসক, সিরাজগঞ্জ বলেন-শিক্ষা হচ্ছে মানুষের মৌলিক চাহিদাগুলোর মধ্যে অন্যতম। তাই দারিদ্র্যতাকে জয় করে সামনে এগিয়ে যেতে অবশ্যই উপযুক্ত শিক্ষা অর্জন করতে হবে। শিক্ষা ছাড়া নারী-পুরুষ কেউ সামনে এগুতে পারবে না। হতদরিদ্র মানুষ যেন শিক্ষার আলো থেকে বঞ্চিত না হয় বরং শিক্ষায় উৎসাহ পায় সেই সকল কার্যক্রম বাস্তবায়ন করায় তিনি এনডিপি'কে বিশেষ ধন্যবাদ দেন। তিনি আরোও বলেন, শিক্ষা বৃত্তি ছাত্র/ছাত্রীদের পড়ালেখায় উৎসাহ বাড়ায়, নিজের প্রতি আত্নবিশ্বাস বাড়ায় এবং ভবিষ্যৎ স্বপ্ন দেখায়। বৃত্তি প্রদান অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মোঃ আলাউদ্দিন খান (নির্বাহী পরিচালক, এনডিপি)। এনডিপি বাস্তবায়িত ৪১টি শিক্ষা সহায়তা কেন্দ্রের মাধ্যমে যেসব শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করে পরবর্তীতে বিভিন্ন পর্যায়ে পরীক্ষায় ভালো ফলাফল করেছে এবং অতি দরিদ্র উপকারভোগী পরিবারের মেধাবী ছাত্র/ছাত্রীদেরকে এই শিক্ষা বৃত্তি প্রদান করা হয়। এ পর্যন্ত মোট ১১২ জনকে বৃত্তি প্রদান করা হয়েছে। মাসিক বৃত্তির হার পিএসসি ৩০০টাকা, জেএসসি ৫০০টাকা ও এসএসসি ১,০০০টাকা। বৃত্তি প্রদানের পর বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের নিয়মিত মনিটরিং করা হয় যেন কোন অভিভাবক তাদের সন্তানদের বাল্য বিয়ে না দেন বা বৃত্তির টাকা ভিন্ন খাতে ব্যয় না করেন। এর ফলে ছাত্র/ছাত্রীরা যেমন নির্বিঘ্নে পড়ালেখা করতে পারছে তেমন বাল্যবিবাহ কমে এসেছে। উক্ত বৃত্তি প্রদান অনুষ্ঠানে এনডিপি'র আরও উর্ধত্বন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## নারী পুরুষের সমতা আনয়নে সরকারের সাথে একাত্ম হয়ে কাজ করছে এনডিপি




বক্তব্য দিচ্ছেন মোঃ আলাউদ্দিন খান (নির্বাহী পরিচালক, এনডিপি)

"নারী পুরুষ সমতায় উন্নয়নের যাত্রা, বদলে যাবে বিশ্ব কর্মে নতুন মাত্রা" এই প্রতিপাদ্যকে সামনে রেখে ৮ই মার্চ ২০১৭ খ্রিষ্টাব্দ এনডিপি প্রধান কার্যালয়ে আর্ন্তজাতিক নারী দিবস উদযাপিত হয়। জেন্ডার এন্ড রাইট্স কর্মসূচি'র উদ্যোগে আয়োজিত দিবসে প্রধান অতিথির বক্তব্যে মোঃ আলাউদ্দিন খান বলেন-এনডিপি একটি নারী বান্ধব সংস্থা। প্রতিষ্ঠার শুরু থেকেই এনডিপি নারী-পুরুষের সমতাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আসছে। এজন্য জেন্ডার এন্ড রাইট্স ইউনিট নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে কাজ করছে। অনুষ্ঠানে কামারখন্দ উপজেলার বাগবাড়ি, বালুকোল ও লাহিড়িবাড়ি গ্রামসহ আশেপাশের গ্রামের শতাধিক নারী অংশগ্রহণ করেন। এছাড়া এনডিপি'র প্রধান কার্যালয়ের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীও উপস্থিত ছিলেন।

## তাড়াশে এসএসসি দিল বাল্যবিবাহ থেকে রক্ষা পাওয়া অদম্য ১১ কিশোরী

সিরাজগঞ্জের তাড়াশ উপজেলায় শতকরা ৭২জন কিশোরী বাল্য বিবাহের শিকার হয় (সূত্রঃ সিভাউ প্রকল্পের বুনিয়াদি জরিপ)। দারিদ্র্যতা, সামাজিক কুসংস্কার, নিরাপত্তাহীনতা এর অন্যতম প্রধান কারণ। এইসব সমস্যা দূরীকরণের জন্য এমজেএফ'র অর্থায়নে এনডিপি "জনগনের ক্ষমতায়নের মাধ্যমে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ প্রকল্প" তাড়াশ উপজেলায় ২০১৩ সালে বাস্তবায়ন শুরু হয়। তারপর থেকে প্রকল্প কর্তৃক নারীর প্রতি সহিংসতা প্রতিরোধকল্পে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়িত হওয়ায় বাল্যবিবাহ প্রতিরোধসহ নানা ধরনের সফলতা এসেছে। ফলস্বরুপ ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেছে এরকম ১১ কিশোরী যারা বাল্য বিবাহ থেকে রক্ষা পেয়েছে। তারা হলো বৃপাচান গ্রামের সেমী ও চৈতি, তাড়াশ গ্রামের সাথী, মঙ্গলবাড়িয়ার আঁখি, শ্রীকৃষ্ণপুরের রুমা, উলিপুরের শাপলা, গুয়ারাখীরের আমিনা, মাদারজানির সাথী ও মাহমুদা, কাস্তার হনুফা, কুমার পাড়ার সবিতা। ওদের অদম্য ইচ্ছা ও দৃঢ় মনেবলের কাছে হার মেনেছে বাল্যবিবাহ। জীবনের একটি ধাপ পেরিয়ে ওরা নতুন সম্ভাবনার দিকে এগিয়ে চলেছে। ওদের চোখে এখন বিশ্বজয়ের স্বপ্ন। ওরা কেউ ডাক্তার, পুলিশ, শিক্ষক, সেনা সদস্য হতে চায়। সেই ইচ্ছাপূরণের অভিযাত্রায় একধাপ এগিয়ে থাকা ওরা ১১ জন।

## এডুকেশন এ্যাওয়ার্ড-২০১৭ পেলেন মোঃ আলাউদ্দিন খান

শিক্ষা ও সামাজিক উন্নয়নে অবদানের স্বীকৃতি স্বরুপ ''এডুকেশন এ্যাওয়ার্ড-২০১৭'' পেলেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। অগ্রগামী ফাউণ্ডেশনের উদ্যোগে ২০১৭ সালের ভাষার মাসের প্রথম দিন বুধবার ঢাকায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহম্মদ তার হাতে এ সম্মাননা পুরস্কার তুলে দেন। এ্যাওয়ার্ড প্রদান উপলক্ষ্যে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে এক আলোচনা সভা ও গুণীজন সংবর্ধনার আয়োজন করা হয়। এ অনুষ্ঠানে শেকৃবি এর প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. সেকান্দার আলীসহ আরও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে মোঃ আলাউদ্দিন খান বলেন - এনডিপি নিজস্ব অর্থায়নে সিরাজগঞ্জ ও পাবনা জেলায় ৪১টি শিক্ষা কেন্দ্রের মাধ্যমে প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়াও এনডিপি গণসাক্ষরতা অভিযানের সহায়তায় রায়গঞ্জ এবং কামারখন্দ উপজেলায় প্রত্যাশা প্রকল্পের মাধ্যমে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ঝরেপড়া রোধে কাজ করছে। এছাড়াও পিকেএসএফ'র সহায়তায় সমৃদ্ধি কর্মসূচি'র মাধ্যমে আরও ৬০টি শিক্ষা কেন্দ্রের মাধ্যমে শিশুদের পাঠদান করানো হচ্ছে।



শেকৃবি উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহমদ এর কাছ থেকে এডুকেশন এ্যাওয়ার্ড নিচ্ছেন মোঃ আলাউদ্দিন খান (নির্বাহী পরিচালক, এনডিপি)। আরও উপস্থিত আছেন শেকৃবি উপ-উপাচার্য অধ্যাপক ড. সেকান্দর আলী এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ

# সৌহার্দ্য-III কর্মসূচি'র উদ্যোগে দুর্যোগ ও জলবায়ু ঝুঁকি প্রশমন বিষয়ক প্রশিক্ষণ



ডায়াসের মাঝখানে কামরুন নাহার সিদ্দীকা (জেলা প্রশাসক, সিরাজগঞ্জ)

৫-৭ ফেব্রুয়ারী ২০১৭ খ্রিষ্টাব্দ ৩দিন ব্যাপী সৌহাদ্য-৩ কর্মসূচি আয়োজিত দুর্যোগ ও জলবায়ু ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এনডিপি'র প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। কর্মসূচির মাধ্যমে সিরাজগঞ্জ জেলার বেলকুচি, চৌহালী ও শাহজাদপুর উপজেলার ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও ইউনিয়ন দুর্যোগ স্বেচ্ছাসেবকদের দুর্যোগ ও জলবায়ু ঝুঁকি প্রশমন বিষয়ক প্রশিক্ষণ করানো হয়। সেই ধারাবাহিকতায় বেলকুচি উপজেলার রাজাপুর ও বড়ধুল ইউনিয়নের (১৮+১৮) ৩৬ জন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের নিয়ে প্রশিক্ষণটি অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণের উদ্বোধন করেন ওয়ালী উদ্দিন (জেলা ত্রাণ ও পূনর্বাসন কর্মকর্তা, সিরাজগঞ্জ)। উদ্বোধনী বক্তব্যে তিনি বলেন, এই ধরনের প্রশিক্ষণ সাধারনত: সরকারই করে থাকে। কিন্তু বর্তমানে সরকারের পাশাপাশি বেসরকারি উন্নয়ন সংস্থাও এই ধরণের প্রশিক্ষণ প্রদান করছে। সিরাজগঞ্জ জেলায় এনডিপি অনেকদিন যাবত দুর্যোগ ও জলবায়ু ঝুঁকি প্রশমন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করে আসছে। এজন্য এনডিপিকে ধন্যবাদ। প্রশিক্ষণ চলাকালীন কামরুন নাহার সিদ্দীকা (জেলা প্রশাসক, সিরাজগঞ্জ) পরিদর্শন করেন। প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শনকালে তিনি বলেন, সারা বিশ্বে বাংলাদেশ এখন দুর্যোগ ব্যবস্থাপনায় রোল মডেল। এটা এক দিনে সম্ভব হয়নি। ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিই এর মুল ভিত্তি। এনডিপি সরকারের পক্ষে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির প্রশিক্ষণ আয়োজন করায় এনডিপি কতৃপক্ষকে তিনি ধন্যবাদ জানান। প্রশিক্ষণে আরও উপস্থিত ছিলেন সোনিয়া ছবুর (চেয়ারম্যান, রাজাপুর ইউপি), মোঃ মাফিজুল ইসলাম (পরিচালক, কর্মসূচি, এনডিপি)। উক্ত প্রশিক্ষণের প্রশিক্ষক হিসাবে প্রশিক্ষণ প্রদান করেন মো: আবদুল মান্নান (টেকনিক্যাল অফিসার, ডিসিআরএম, সৌহার্দ্য-৩) এবং সোমা দাস (সহকারি ব্যবস্থাপক, প্রশিক্ষণ, এনডিপি)। কর্মসূচিটি কেয়ার বাংলাদেশের আর্থিক ও কারিগরি সহযোগিতায় সিরাজগঞ্জ জেলার বেলকুচি, চৌহালী ও শাহজাদপুর উপজেলায় ২০১৬ সাল থেকে বাস্তবায়ন হচ্ছে।

# ইউপিপি-উজ্জীবিত প্রকল্পের ইনফরমেশন শেয়ারিং ওয়ার্কশপ অনুষ্ঠিত

৬ই ফেব্রুয়ারী ২০১৭ খ্রিষ্টাব্দে উল্লাপাড়ায় এনডিপি বাস্তবায়িত উজ্জীবিত প্রকল্পের ইনফরমেশন শেয়ারিং ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সন্দীপ কুমার সরকার (উল্লাপাড়া, সিরাজগঞ্জ)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উল্লাপাড়া উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোঃ জাফরুল হোসেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বড়হর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মোঃ সাইফুল ইসলাম এবং সম্মানীত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন-উল্লাপাড়া একটি বড় উপজেলা এবং এতবড় উপজেলার সকল উন্নয়ন কাজ সরকারের একার পক্ষে সম্ভব নয়। এনডিপি অত্র এলাকার একটি স্বনামধন্য ও বড় বে-সরকারী উন্নয়ন সংস্থা। তাদের উজ্জীবিত প্রকল্পের যে সকল কর্মকান্ড চলছে তা আমি আগে থেকেই অবগত। আজ ১৩ জন শিক্ষা হতে ঝরেপড়া বেকার যুবকের ইলেকট্রিক হাউজ ওয়্যারিং প্রশিক্ষণ নিয়ে কর্ম সংস্থান সৃষ্টির বিষয়ে অবগত হলাম। এনডিপি'র কার্যক্রমগুলোর মধ্যে কিশোরী, গর্ভবতী, দুগ্ধদানকারী মায়েদের রক্তের গ্রুপ নির্ণয়সহ অন্যান্য স্বাস্থ্যসেবা নিঃসন্দেহে প্রশংসার দাবী রাখে। আলোচনা পর্ব শুরু হওয়ার আগে রক্তের গ্রুপ নির্ণয় কর্মসূচি'র উদ্বোধন করেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোঃ জাফরুল হোসেন। তিনি নিজেও তার রক্তের গ্রুপ নির্ণয় করান। অনুষ্ঠানে মোঃ আলাউদ্দিন খান বলেন, এনডিপি শিক্ষা সহায়তা কর্মসূচি, প্রতিবন্ধীতা ও উন্নয়ন কর্মসূচি, প্রবীণ কল্যাণ কর্মসূচি এবং স্বাস্থ্য কর্মসূচিসহ বেশকিছু কর্মসূচি নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করছে।



মোঃ আলাউদ্দিন খান (নির্বাহী পরিচালক, এনডিপি) উপকরণ বিতরণ করছেন

অনুষ্ঠান কার্যক্রমটির মাধ্যমে ১৩ জন প্রশিক্ষণ প্রাপ্ত বেকার যুবকের মধ্যে উপকরণ বিতরণ ও ৩২১ জনের রক্তের গ্রুপ নির্ণয় করে প্রত্যেককে একটি করে রক্তের গ্রুপ লেখা কার্ড প্রদান করা হয়। সভাপতির বক্তব্যে বলেন- উজ্জীবিত প্রকল্পের সকল কর্মকান্ডই জনহিতকর, গরীব মানুষের উন্নয়নের জন্য। আমি উজ্জীবিত প্রকল্পের উত্তরোত্তর সাফল্য কামনা করি এবং আমার শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচি পরিচালিত অন্যান্য কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

## এমফোরসি প্রকল্পের উদ্যোগে মরিচ শুকানো ও বাজারজাতকরণের উপর প্রশিক্ষণ অনুষ্ঠিত

২০১২ সাল থেকে Swisscontact এর অর্থায়নে এনডিপি এমফোরসি প্রকল্পটি সফলতার সাথে বাস্তবায়ন করছে। সিরাজগঞ্জ জেলার যমুনা চরাঞ্চলের কৃষকদের নিয়ে প্রকল্পটির কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে চরাঞ্চলের কৃষকরা আধুনিক পদ্ধতিতে চাষাবাদের পাশাপাশি বাজারজাতকরণের উপর বিশেষ জ্ঞান লাভ করেছে। এখন তারা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ করে উন্নত বীজ, সার ও কীটনাশক ব্যবহার করছে। ফলে আগের চেয়ে উৎপাদন বৃদ্ধি পাওয়ায় এবং মান ভালো হওয়ায় বেশি লাভবান হচ্ছে। অন্যদিকে প্রাথমিকভাবে অল্প বিনিয়োগ করে ড্রাইং ম্যাটারিয়াল ক্রয় করে তাদের উৎপাদিত ফসল শুকানোর ফলে মরিচসহ অন্যান্য ফসলের রং ও মান ভালো থাকছে এবং বাজারমূল্য বেশি পাচ্ছে। অন্যদিকে কৃষকদের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় তারা বিভিন্ন প্রশিক্ষণে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করছে। প্রকল্পটি বিশেষ উপায়ে সাধারনতঃ কৃষকদের প্রশিক্ষণ দিয়ে থাকে। যেমন-ছবিতে দেখা যাচ্ছে মরিচের জমির পাশেই তারা ড্রাইং ম্যাটারিয়াল ব্যবহার করে তাদের উৎপাদিত মরিচ শুকাচ্ছে এবং বিরতির সময়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করছে। এতে সময় যেমন সাশ্রয় হচ্ছে তেমনি প্রশিক্ষণে অংশগ্রহণ করতেও কৃষকদের কোন অসুবিধা হচ্ছে না। প্রশিক্ষক হিসেবেও থাকেন স্থানীয় প্রশিক্ষিত মরিচ ব্যবসায়ী। যিনি প্রকল্প এবং প্রাণ কোম্পানী মরিচের মান উন্নয়ন এবং সংরক্ষনের উপর প্রশিক্ষণপ্রাপ্ত।



## ইএসএল প্রকল্পের মাধ্যমে ক্ষুদ্র খামারীদের টেকসই জীবিকায়নে ঘাসচাষ কার্যক্রম



প্রকল্প পরিদর্শন করছেন ড.এবিএম সাজ্জাদ হোসেন (পরিচালক, পিএমআরএন্ডই, এনডিপি)

মাংস ও দুগ্ধ উৎপাদন এবং বাজারজাতকরণের মাধ্যমে ক্ষুদ্র খামারীদের টেকসই জীবিকায়ন নিশ্চিতকরণের জন্য নাটোর জেলার লালপুরে ইসএসএল প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির বিভিন্ন কার্যক্রমের মধ্যে পেশাজীবি দল গঠন, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, গবাদি পশুর ইনপুট বিতরণ এবং ডেইরি ভ্যালু চেইন ও গরু মোটাতাজাকরণে ঋণ পেতে সহায়তা প্রদান। এই সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করা ও খামারী পর্যায়ে খরচ কমিয়ে আনতে প্রকল্পটির মাধ্যমে উন্নত জাতের ঘাসচাষ কার্যক্রম শুরু করা হয়েছে। প্রাথমিকভাবে ৫০০টি পরিবারকে বেছে প্রত্যেককে বিনামূল্যে ঘাসের চারা বিতরণ করা হয় এবং ঘাসচাষ ও পরিচর্যার উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। ফলে খামারীদের গরু পালন খরচ আগের চেয়ে অনেক কমে গেছে। এ উপলক্ষ্যে খামারীদের বাস্তব অবস্থা ও কার্যক্রমের গুনগতমান পরিদর্শনের জন্য ড. এবিএম সাজ্জাদ হোসেন (পরিচালক, পিএমআরএন্ডই, এনডিপি) সরেজমিনে প্রকল্প পরিদর্শন করেন। ২০১৪ সাল থেকে প্রকল্পটি হেইফার ইন্টারন্যশনাল এর অর্থায়নে এনডিপি কর্তৃক বাস্তবায়িত হচ্ছে।

## কুয়েত গুডউইল ফান্ড এর উদ্যোগে কৃষক মাঠ দিবস

১৭ই এপ্রিল ২০১৭ খ্রিষ্টাব্দে এনডিপি বাস্তবায়িত কুয়েত গুডউইল ফান্ড (কেজিএফ) এর উদ্যোগে বিষমুক্ত সবজি উৎপাদনের উপর মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার বহুলী গ্রামে অনুষ্ঠিত মাঠ দিবসে মোঃ আলাউদ্দিন খান (নির্বাহী পরিচালক, এনডিপি) সভাপতিত্ব করেন। মাঠ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আরশেদ আলী (উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিরাজগঞ্জ)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠানের প্রাক্তন পরিচালক মোঃ হামিজ উদ্দিন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ আব্দুস সাত্তার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সিরাজগঞ্জের অতিরিক্ত উপ-পরিচালক (শস্য) মোঃ আনোয়ার হোসেন, সিরাজগঞ্জ সদর উপজেলা কৃষি কর্মকতা মোঃ রুস্তম আলী এবং সহকারি বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ সিরাজুল ইসলাম। অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে এনডিপি'র বিভিন্ন কার্যক্রম বিষয়ে সংক্ষিপ্তভাবে তুলে ধরেন মোঃ আলাউদ্দিন খান (নির্বাহী পরিচালক, এনডিপি)। প্রধান অতিথির বক্তব্যে বলেন-এনডিপি বিষমুক্ত সবজি উৎপাদনে এগিয়ে এসেছে কৃষকদের সহায়তা করার জন্য। কৃষকরা যদি এটা ধরে রাখতে পারে তাহলে সিরাজগঞ্জ শহরবাসীও সহজেই বিষমুক্ত সবজি পেতে পারে। তিনি আরো বলেন, এনডিপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের হয়ে কাজ করছে বলে আমি মনে করি। অন্যান্য অতিথি তাদের বক্তব্যে এনডিপি'র কৃষি ক্ষেত্রে অবদানের ভূয়সী প্রশংসা করেন।



কৃষক মাঠ দিবসে বক্তব্য দিচ্ছেন মোঃ আরশেদ আলী
(উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিরাজগঞ্জ)।

## আলোকিত গ্রাম কর্মসূচি'র উদ্যোগে শিক্ষা সহায়তা কেন্দ্র উদ্বোধন



শিক্ষা সহায়তা কেন্দ্র উদ্বোধন

এনডিপি নিজস্ব অর্থায়নে শিক্ষা, স্বাস্থ্য, প্রতিবন্ধীতা উন্নয়ন, প্রবীণ কল্যাণ কর্মসূচি সহ বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান তার নিজস্ব চিন্তায় এনডিপি বাস্তবায়িত সফল কার্যক্রমগুলো বাগবাড়ি, লাহিড়ীবাড়ি ও বালুকোল গ্রামে বাস্তবায়নের লক্ষ্যে একটি কর্মসূচি হাতে নেন। যা আলোকিত গ্রাম কর্মসূচি নামে বাস্তবায়ন শুরু করে। কর্মসূচিটি প্রাথমিকভাবে ৩টি গ্রামে সমন্বিত কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে গ্রামগুলোর হত দরিদ্র জনগোষ্ঠীর আর্থিক ও সামাজিক মর্যাদা বৃদ্ধির জন্য কাজ করছে। পরবর্তীতে বাস্তবায়নের সফলতা নিরিখে তা আস্তে আস্তে পুরো সিরাজগঞ্জ জেলায় ছড়িয়ে দেওয়া হবে। নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে ৩ জুন ২০১৭ খ্রিষ্টাব্দে লাহিড়ীবাড়ি গ্রামে ১টি শিক্ষা সহায়তা কেন্দ্র উদ্বোধন হয়। এর মূল উদ্দেশ্য - গ্রামের হত দরিদ্র যেসব শিক্ষার্থীর পরিবার তাদের সন্তানদের জন্য গৃহ শিক্ষক রাখতে পারেন না এবং ঐ পরিবারের শিক্ষা দেওয়ার মত কোন জনবল নেই সেইসব পরিবারের শিক্ষার্থীদের এখানে ভর্তির মাধ্যমে প্রাথমিক বিদ্যালয়ের প্রতিদিনের পড়া শিখিয়ে দেওয়া হয়। ফলে শিক্ষার্থী আত্ম বিশ্বাসের সাথে পরের দিন বিদ্যালয়ে যাচ্ছে এবং ঝরেপড়া রোধ হচ্ছে। শিক্ষা সহায়তা কেন্দ্রটি থেকে ৪০জন ১ম ও ২য় শ্রেণীর শিক্ষার্থীকে এনডিপি ও নিয়োগপ্রাপ্ত শিক্ষক দ্বারা নিয়মিত পাঠদান করা হবে। প্রতিদিন প্রাথমিক বিদ্যালয়ের ১ম ও ২য় শ্রেণীর ছুটির পরে বিকাল ০২.৩০ মিনিট থেকে শিক্ষা কেন্দ্রটি পরিচালিত হবে।

## Low Income Community Housing Support Project- এর উদ্যোগে ঋণ বিতরণ কার্যক্রমের উদ্বোধন

১৫ই জুন ২০১৭ খ্রিষ্টাব্দে দরগা রোডে এনডিপি'র শহর শাখা কার্যালয়ে Low Income Community Housing Support Project এর উদ্যোগে ঋণ বিতরণ কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠিত হয়। উক্ত ঋণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ পৌরসভার প্যানেল মেয়র ও দৈনিক যুগের কথার সম্পাদক মোঃ হেলাল উদ্দিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক সিরাজগঞ্জ বার্তার সম্পাদক মোঃ আব্দুল হামিদ খান হীরা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোঃ আলাউদ্দিন খান (নির্বাহী পরিচালক, এনডিপি)। পিকেএসএফ'র আর্থিক সহযোগিতায় পরিচালিত প্রকল্পটি স্বল্প আয়ের মানুষের আবাসন সমস্যা দূরীকরণের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। অনুষ্ঠানটি পরিচালনা করেন কেএম শহিদুল ইসলাম (জোনাল ম্যানেজার, জোন-১, এমএফপি, এনডিপি)। এছাড়াও অনুষ্ঠানে এনডিপির এমএফপি কর্মসূচি'র শাখা ব্যবস্থাপক মোঃ মাহফুজার রহমান ও মোঃ রেজাউল করিম উপস্থিত ছিলেন।




উদ্বোধনী অনুষ্ঠানে ঋণ বিতরণের চেক প্রদান করছেন মোঃ হেলাল উদ্দিন (সিরাজগঞ্জ পৌরসভার প্যানেল মেয়র ও দৈনিক যুগের কথার সম্পাদক) এবং মোঃ আলাউদ্দিন খান (নির্বাহী পরিচালক, এনডিপি)

## প্রতিবন্ধী শিশুদের মাঝে হুইল চেয়ার বিতরণ



প্রতিবন্ধী শিশুদের মাঝে হুইল চেয়ার বিতরণ

প্রতিবন্ধী ব্যক্তির সামাজিক ও অর্থনৈতিক মর্যাদা বৃদ্ধির লক্ষ্যে এনডিপি নিজস্ব অর্থায়নে প্রতিবন্ধীতা ও উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এছাড়াও কর্মসূচির কার্যক্রম বাস্তবায়নের ধারাবাহিকতায় বিভিন্ন দাতা/উন্নয়ন সহযোগি সংস্থা প্রতিবন্ধীদের জন্য সহায়ক উপকরণ সহায়তা দিলে এনডিপি তা বাস্তবায়ন করে থাকে। ৩১শে মে ২০১৭ খ্রিষ্টাব্দে চাইল্ড সাইট ফাউন্ডেশন ও হুইল চেয়ারস ফর কিড্স অস্ট্রেলিয়ার সহযোগিতায় সিরাজগঞ্জ জেলার কামারখন্দ, রায়গঞ্জ ও বেলকুচি উপজেলার ৪১জন সেরিব্রাল পাল্স ও শারীরিক প্রতিবন্ধিতায় আক্রান্ত শিশুদেরকে বিনামূল্যে হুইল চেয়ার বিতরণ করা হয়। প্রতিবন্ধী ব্যক্তিরা যেন সহজে এক জায়গা থেকে অন্য জায়গায় চলাচল করতে পারে, চারিপাশের পরিবেশ সম্পর্কে জানতে পারে ও পরিবারের উপর বোঝা না হয় সেই লক্ষ্যে এইসব সহায়ক উপকরণ বিতরণ করা হয়। উপকরণ বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোঃ আলাউদ্দিন খান (নির্বাহী পরিচালক, এনডিপি)। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আবু নুর মোঃ শাসসুজ্জামান (উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিরাজগঞ্জ)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ হাসান শরীফ (উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কামারখন্দ, সিরাজগঞ্জ), মোঃ আলতাফ হোসেন ঠান্ডু (চেয়ারম্যান, ঝাঐল ইউপি, কামারখন্দ)। এছাড়াও উপস্থিত ছিলেন সিপি প্রোগ্রাম, সিরাজগঞ্জ এর ফিল্ড প্রজেক্ট কো-অর্ডিনেটর শিমিয়োন স্ট্রং এবং এনডিপি'র পক্ষ থেকে ড. এবিএম সাজ্জাদ হোসেন (পরিচালক, পিএমআরএন্ডই, এনডিপি)। উপস্থিত অতিথিগণ কার্যক্রমটি সম্পর্কে বলেন-এটি একটি প্রশংসনীয় কার্যক্রম যা প্রতিবন্ধী ব্যক্তিদের সামনে এগিয়ে যাওয়ার স্বপ্ন দেখাবে।

## প্রত্যাশা প্রকল্পের কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের উদ্যোগে শিক্ষা মেলা অনুষ্ঠিত



শিক্ষা মেলা'র উদ্বোধন করছেন গাজী ম ম আমজাদ হোসেন মিলন (সংসদ সদস্য, তাড়াশ-রায়গঞ্জ) ফিতা কাটছেন, সাথে আছেন মুহাম্মদ কামরুল হাসান (অতিরিক্ত জেলা প্রশাসক-সার্বিক, সিরাজগঞ্জ), মোঃ ইকবাল আকতার (উপজেলা নির্বাহী কর্মকর্তা, রায়গঞ্জ), মীর ওবায়দুল ইসলাম মাসুম (চেয়ারম্যান, ধানগড়া ইউপি, রায়গঞ্জ) ও মোঃ আলাউদ্দিন খান ( নির্বাহী পরিচালক, এনডিপি)

গণসাক্ষরতা অভিযান এর সহযোগিতায় পরিচালিত ও এনডিপি বাস্তবায়িত প্রত্যাশা প্রকল্পের কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের উদ্যোগে রায়গঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে ২৯শে জানুয়ারী ২০১৭ ইং তারিখে শিক্ষা মেলা অনুষ্ঠিত হয়। শিক্ষা মেলায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাননীয় সংসদ সদস্য (তাড়াশ-রায়গঞ্জ, সিরাজগঞ্জ) গাজী ম ম আমজাদ হোসেন মিলন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুহম্মাদ কামরুল হাসান (অতিরিক্ত জেলা প্রশাসক-সার্বিক, সিরাজগঞ্জ), মোঃ ইকবাল আকতার (উপজেলা নির্বাহী কর্মকর্তা, রায়গঞ্জ), মোঃ আখতারুজ্জামান (উপজেলা শিক্ষা কর্মকর্তা, রায়গঞ্জ)। মেলা উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ধানগড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মীর ওবায়দুল ইসলাম মাসুম। স্বাগত বক্তব্য প্রদান করেন মোঃ আলাউদ্দিন খান (নির্বাহী পরিচালক, এনডিপি)। প্রধান অতিথি তার বক্তব্যে শিক্ষা ব্যবস্থাকে আরও এগিয়ে নিতে এনডিপি'র মত আরও সংস্থাকে উদ্যোগী হতে আহবান জানান। তিনি আরও বলেন- বেসরকারি উন্নয়ন সংস্থা হিসাবে এনডিপি'র এ ধরনের কর্মসূচি সত্যিকার অর্থে প্রশংসার দাবিদার। বিশেষ অতিথির বক্তব্যে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বলেন - শিক্ষা ক্ষেত্রে আরও এগিয়ে যেতে হলে শিক্ষকদের যেমন দায়িত্ব নিয়ে কাজ করতে হবে তেমন ছাত্র-ছাত্রীদেরকেও পড়ালেখায় আরও মনোযোগী হতে হবে। অনুষ্ঠানে এছাড়া আরও উপস্থিত ছিলেন ড. এবিএম সাজ্জাদ হোসেন (পরিচালক-পিএমআরএন্ডই), কাজী মাসুদুজ্জামান (সহকারি পরিচালক-পরিবীক্ষন ও মূল্যায়ন) ও এনডিপি'র আরও কর্মকর্তাবৃন্দ। প্রকল্পটি ডিএফআইডি এর অর্থায়নে ও এনডিপি কর্তৃক কামারখন্দ ও রায়গঞ্জ উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। মোঃ হাসান আলী (সভাপতি কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ) ও মোঃ আবুল কাশেম (প্রোগ্রাম এ্যাসোসিয়েট, প্রত্যাশা প্রকল্প, এনডিপি) এর সার্বিক তত্ত্বাবধায়নে শিক্ষা মেলাটি অনুষ্ঠিত হয়।

## সোস্যাল মার্কেটিং কোম্পীনার পরিবার পরিকল্পনা, মা ও শিশুর স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

এনডিপি'র স্বাস্থ্য সেবা কর্মসূচি ও সোস্যাল মার্কেটিং কোম্পানী'র যৌথ উদ্যোগে এনডিপি'র স্বাস্থ্য সহকারিদের নিয়ে পরিবার পরিকল্পনা, মা ও শিশুর স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এনডিপি'র প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে আয়োজিত প্রশিক্ষণের উদ্বোধন করেন মোঃ আলাউদ্দিন খান (নির্বাহী পরিচালক, এনডিপি)। স্বাস্থ্য সেবা কর্মসূচি'র মান বৃদ্ধির লক্ষ্যে ও স্বাস্থ্য সহকারিদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণটি আয়োজন করা হয়। প্রশিক্ষণটি পরিচালনা করেন সোস্যাল মার্কেটিং কোম্পানীর উর্ধতন বিক্রয় ব্যবস্থাপক কাজী মোঃ জাফরুল্লাহ। এছাড়াও কোম্পানীর পক্ষে উপস্থিত ছিলেন উর্ধতন বিক্রয় কর্মকর্তা মোঃ আবু নাসের এবং বিক্রয় কর্মকর্তা মোঃ মোস্তাফিজুর রহমান। এনডিপি'র পক্ষে উপস্থিত ছিলেন স্বাস্থ্য সেবা কর্মসূচি'র ফোকাল পারসন ও উপ-পরিচালক (এমএফপি), মোসলেম উদ্দিন আহমদ।



বক্তব্য দিচ্ছেন মোঃ আলাউদ্দিন খান ( নির্বাহী পরিচালক, এনডিপি) এবং ডায়াসে আছেন এনডিপি ও সোস্যাল মার্কেটিং কোম্পানীর কর্মকর্তাব"ন্দ

## প্রবীণ কল্যাণ কর্মসূচি'র সদস্যদের মাঝে বিনামূল্যে ঔষধ বিতরণ শুরু



প্রবীণ কল্যাণ কর্মসূচি'র পক্ষ থেকে সদস্যদের বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদান করছেন ডাঃ মোঃ আব্দুল কাদের এবং এনডিপি স্বাস্থ্য সহকারি মোছাঃ রুমা খাতুন

জুন ২০১৭ থেকে সিরাজগঞ্জ জেলার থানা মোড়ে অবস্থিত এনডিপি বাস্তবায়িত প্রবীণ কল্যাণ কর্মসূচি'র সদস্যদের মাঝে বিনামূল্যে ঔষধ বিতরণ শুরু করা হয়। প্রবীণ কল্যাণ কর্মসূচি'তে প্রতি সপ্তাহে বিনা পারিশ্রমিকে এমবিবিএস ডাঃ ক্যামেলিয়া রহমান ও ডাঃ মোঃ অব্দুল কাদের সেবা দিচ্ছেন। প্রেসক্রিপশনের পর প্রয়োজন অনুযায়ী ১০-১৫টি বিভিন্ন ধরনের সাধারণ রোগের ঔষধ প্রবীণদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হয়। ঔষধ পেয়ে প্রবীণরা আনন্দিত। উল্লেখ্য প্রবীণ কল্যাণ কর্মসূচি ২০১৫ সালের ডিসেম্বর মাস থেকে বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষাসহ বিভিন্ন চিকিৎসাসেবা দিয়ে আসছে। প্রবীণগণ নিয়মিত বিকাল ৪.০০ টায় কর্মসূচি কার্যালয়ে আসেন এবং সপ্তাহের প্রতি সোমবার কর্মসূচির পক্ষ থেকে এনডিপি'র একজন স্বাস্থ্য সহকারি মোছাঃ রুমা খাতুন ও দুই জন ডাঃ রোগীদের স্বাস্থ্য বিষয়ে পরামর্শ দেন। ঔষধ বিতরণ সম্পর্কে প্রবীণদের জিজ্ঞাসা করলে সবাই বলেন- ডাঃ প্রতি সপ্তাহে আমাদের চিকিৎসা পত্র দিলেও আমাদের সবার অর্থনৈতিক অবস্থা খারাপ হওয়ার কারণে প্রায় সময়ই জ্বরের জন্যও আগে ঔষধ কিনতে পারতাম না। কিন্তু এখন এই ধরনের সাধারণ ঔষধ আমাদের মাঝে বিতরণ শুরু করায় আমরা সাধারণ রোগ থেকে মুক্ত থাকব ইনশাল্লাহ।

## বেড়া উপজেলার খাকছাড়া ও দমদমা গ্রামকে বাল্যবিবাহমুক্ত গ্রাম ঘোষণা




র‍্যালিতে অংশগ্রহণ করেছেন ইউপি চেয়ারম্যান মোঃ ফারুক হোসেন, পাচুরিয়া দাখিল মাদ্রাসা সুপারিনটেনডেন্ট মোঃ সাখাওয়াত হোসেন বেলালী, বঙ্গবন্ধু আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মানিক হোসেন এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে ও অত্র এলাকার জনগণের ঐকান্তিক প্রচেষ্টায় খাকছাড়া ও দমদমা গ্রাম আজ বাল্যবিবাহের অভিশাপ থেকে মুক্ত। গত মার্চ ২০১৭ ইং তারিখে চাকলা ইউনিয়ন চেয়ারম্যানের নেতৃত্বে গ্রাম দুটিকে বাল্যবিবাহমুক্ত ঘোষণা করা হয়েছে। গ্রাম দুটির প্রবেশ পথে "বাল্যবিবাহমুক্ত গ্রাম" ফলক সম্বলিত একটি সাইনবোর্ড স্থাপনের মাধ্যমে উক্ত ঘোষণার বাস্তবায়ন শুরু হয়। এ উপলক্ষে একটি বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত র‍্যালি ও আলোচনা সভায় অংশগ্রহণ করেন পাচুরিয়া দাখিল মাদ্রাসার সুপার মোঃ সাখাওয়াৎ হোসেন বেলালী, বঙ্গবন্ধু আদর্শ উচ্চ বিদ্যালয়েরর প্রধান শিক্ষক মোঃ মানিক হোসেন, চাকলা ইউনিয়নের ওয়ার্ড কমিটির সদস্যবৃন্দ, স্কুল-কলেজের ছাত্র-ছাত্রী ও সাধারণ জনগণ। র‍্যালি শেষে ইউপি চেয়ারম্যান আলোচনা সভায় বলেন-আমরা সবাই আজ থেকে আমাদের সন্তানদের আর বাল্যবিয়ে দেব না বরং প্রতিরোধ করব বলে শপথ নিলাম। সভায় অন্য বক্তারা বলেন, আমরা কর্মসূচির মাধ্যমে বাল্যবিয়ের কুফল এবং কিভাবে প্রতিরোধ করতে হয় তা জানি। বক্তারা আরও বলেন, এনডিপি আজ আমাদের চোখ খুলে দিয়েছে বাল্যবিয়ের কুফল সম্পর্কে। উপজেলা প্রশাসন থেকেও সার্বিক সহযোগিতা পাওয়া যাচ্ছে। অন্যদিকে ইউনিয়নের সকল অভিভাবক সচেতন হওয়ায় অত্র এলাকায় বাল্যবিয়ের ঘটনা খুব কমে গেছে। এনডিপি ২০১৩ ইং সাল থেকে বাল্যবিবাহের কুফল ও প্রতিরোধের উপর চাকলা ইউনিয়নে বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন করছে। পিকেএসএফ'র সহযোগিতায় পরিচালিত এ কর্মসূচিটি অত্র এলাকার বাল্যবিবাহ প্রতিরোধে নানা ধরনের সচেতনতামূলক কার্যক্রম ছাড়াও স্বাস্থ্যসেবা, শিক্ষা সহায়তা ও আয়বর্ধনমূলক কার্যক্রম বাস্তবায়ন করছে।

## জয়িতা পুরস্কার




জয়িতা পুরস্কার গ্রহণ করছেন উপকারভোগী খাদিজা

মোছাঃ খাদিজা খাতুন, ২০১৫ সালের চৌহালী উপজেলা কর্তৃক জয়িতা পুরস্কার বিজয়ী। তিনি সংগ্রামী নারী, জীবনযুদ্ধে জয়ী নারী। এ পর্যায়ে আসতে তাকে নানা চড়াই উৎরাই পার করতে হয়েছে। ভিজিডি কার্ড দিয়ে শুরু তার জীবন সংগ্রাম। তারপর আইসিভিজিডি সদস্য। পাল্টে গেল খাদিজার জীবন। প্রকল্প থেকে পাঁচদিনের "উদ্যোক্তা উন্নয়ন, ব্যবসা বাছাই ও ব্যবসা পরিকল্পনা" বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে খাদিজা গরু মোটাতাজাকরন ব্যবসাকে বেছে নেন। পরবর্তীতে প্রকল্প থেকে তাকে আরও তিন দিনের "গরু মোটাতাজাকরণ" এর উপর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের পর প্রকল্পের নিয়ম অনুযায়ী তাকে এককালীন ১৫,০০০ টাকা অনুদান দেওয়া হয়। অনুদানের টাকা এবং নিজের জমানো কিছু টাকা দিয়ে তিনি একটি ষাঁড় গরু ক্রয় করেন। প্রশিক্ষণ থেকে প্রাপ্ত জ্ঞান সঠিকভাবে প্রয়োগ করে এক বছর গরু পালন শেষে সকল খরচ বাদে খাদিজা ৩২,৫০০ টাকা লাভ করেন। পরবর্তীতে নিজে আরও কিছু টাকা যোগ করে ১টি ষাঁড় ও ২টি ছাগল ক্রয় করেন। বর্তমানে তার ব্যবসায় মোট বিনিয়োগ প্রায় ৬০,০০০ টাকা। তার আশা তিনি এবার ১,০০,০০০ টাকায় গরু ও ছাগল ২টি বিক্রি করবেন।

উপরের গল্পের মত খাদিজার জীবন এত সহজ ছিলনা। চৌহালি উপজেলার ঘোড়জান ইউনিয়নের চর জাজুরিয়া গ্রামে খাদিজার বাড়ি। ছয় বছর আগে অষ্টম শ্রেণীতে পড়াকালীন বড় বোন মারা গেলে পিতা-মাতার অনুরোধে সহায় সম্বলহীন বোনের স্বামী আবুল কালামের সাথে তার বিয়ে হয়। ভাবেন দ্রুত সন্তান নিবেন। কিন্তু প্রকৃতি তার পক্ষে থাকে না। বিয়ের পর বাড়ী নদী গর্ভে বিলীন হলে সন্তান নেওয়া থেকে বিরত থাকেন। এভাবে দুইবার তার বাড়ী নদী গর্ভে বিলীন হয়। খাদিজা ভাবে জীবন এমন কেন? ভাঙ্গা গড়ার এই খেলার মধ্যেই তার জীবন চলতে থাকে। সিদ্ধান্ত নেন আর কোন সন্তান নেবেন না। বোনের রেখে যাওয়া তিন সন্তানকে ঠিকভাবে মানুষ হিসাবে গড়ে তুলবেন। তার জীবনের পরিবর্তন সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন- "আইসিভিজিডি প্রকল্প আমাকে বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে উজ্জীবিত করেছে এবং আমার চিন্তায় পরিবর্তন এনেছে"। বর্তমানে আমি প্রকল্পের ৩৬ জন সদস্য নিয়ে "যমুনা নারী উন্নয়ন সংগঠন" গড়ে তুলেছি এবং চৌহালী মহিলা বিষয়ক অফিস কর্তৃক সংগঠনটি রেজিস্ট্রেশন করেছি। এই সংগঠনের মাধ্যমে সকল সদস্যের আইজিএ ভিত্তিক সমস্যা সমাধানের চেষ্টা করা হয়। ফলে সংগঠনের অনেকেই আইজিএ বাস্তবায়ন বিষয়ক সেবা গ্রহণ করে স্বাবলম্বী হওয়ায় "সমাজ উন্নয়ন কর্মী" হিসাবে চৌহালি উপজেলার মহিলা বিষয়ক অফিস তাকে ২০১৬ সালের জয়িতা হিসাবে স্বীকৃতি প্রদান করে। আইসিভিজিডি প্রকল্পটি বাংলাদেশ সরকার, ইউকেএইড ও চায়না এইডের অর্থায়নে পরিচালিত হয়েছে।

## জানুয়ারী - জুন ২০১৭ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্মএলাকা | সময়কাল | ফলাফল |
|---|---|---|---|---|---|
| ১ | Investment Component for Vulnerable Group Development (ICVGD) Project | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, WFP, UK AID, CHINA AID | বেলকুচি, চৌহালি (সিরাজগঞ্জ) | এপ্রিল ২০১৫ থেকে জুলাই ২০১৭ | মোট ২,০০০টি পরিবারকে আইজিএতে সম্পৃক্ত করার লক্ষ্য নিয়ে প্রকল্পটি কার্যক্রম বাস্তবায়ন করলেও ২,০০০টি পরিবার সরাসরি এবং দেখাদেখি আরও ১,৭৪৩টি পরিবার আইজিএর সাথে সম্পৃক্ত হয়েছে। এদের মধ্যে ১,৯০৩টি পরিবার গরু মোটাতাজাকরণ ও গাভী পালন, ৭১৬টি পরিবার ছাগল পালন, ৩১৩টি পরিবার সুতা নাটাই ও ববিন পরিচালনা, ১৭১টি পরিবার কৃষি কাজ এবং অবশিষ্ট ৬৪০টি পরিবার মুদি দোকান, দর্জি কাজ, ভ্যান চালানো, ফেরিওয়ালা, জালবোনা, চা-ষ্টল ইত্যাদি আইজিএতে সম্পৃক্ত হয়েছে। শুরুতে এই পরিবারগুলো ৫/৬টি আইজিএতে সম্পৃক্ত থাকলেও বর্তমানে ১৭ধরনের আইজিএ বাস্তবায়ন করছে। আইজিএগুলো বাস্তবায়ন করার ফলে প্রকল্প থেকে এককালীন ১৫,০০০টাকা দেওয়া হলেও বর্তমানে তাদের ব্যবসায় গড় বিনিয়োগ ৪২,০০০টাকা। প্রকল্পের ২,০০০ উপকারভোগীকে ৯০টি দলে ভাগ করে প্রত্যেক দল থেকে অন্তত: ৩জন নারী উপজেলা পর্যায়ে সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহের সাথে কার্যকরী যোগাযোগ করছে, অর্থনৈতিক ও সামাজিকভাবে প্রতিষ্ঠিত হওয়ায় প্রকল্পের ৬জন নারী উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে জয়িতা পুরস্কার পেয়েছে এবং ১৪টি দল নিজ উদ্যোগে সঞ্চয় কার্যক্রম বাস্তবায়ন করছে। |
| ২ | সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি | এমজেএফ | কাজিপুর, সিরাজগঞ্জ | মার্চ ২০১৪ থেকে জুন ২০১৭ | ১২টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় মোট ৪৩৮টি সোস্যাল অডিট, ১৪টি সিটিজেন চার্টার, ১০টি পাবলিক হেয়ারিং, ২৪টি ইউনিয়ন স্কোর কার্ড ও ১টি অভিযোগ ব্যবস্থাপনা কার্যক্রমের মাধ্যমে ১৫,৬১০জনকে সামাজিক সুরক্ষা নীতিমালা, বয়স্ক ভাতা, জনপ্রতিনিধিদের দায়িত্ব কর্তব্য সম্পর্কে ধারনা প্রদান করার ফলে উপকারভোগী সদস্যরা তাদের অভিযোগসহ অন্যান্য সামাজিক নিরাপত্তা বেষ্টনীর বিষয়গুলো সঠিক জায়গায় উপস্থাপন করে নিজেদের সমস্যার সমাধান করতে পারছে। |
| ৩ | জনগনের ক্ষমতায়নের মাধ্যমে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ প্রকল্প | ডিএফআইডি -এমজেএফ | তাড়াশ, সিরাজগঞ্জ | অক্টোবর ২০১৩ থেকে মার্চ ২০১৭ | বাল্য বিবাহ প্রতিরোধ ১,৭৩৫জনের, বাল্য বিবাহ বন্ধ ৮২জনের, আইনি সহায়তা ইস্যুতে সালিশ ১২টি, কাউন্সিলিং ২২টি, ভরণপোষণ আদায় ৮জনের, দেনমোহর আদায় ৫জনের, দেনমোহর পরিশোধ ১০জনের, জেলা আইনগত সহায়তা প্রদান সংস্থায় মামলা রেফার ২টি, মামলা দায়ের ৩টি, ধর্ষণ চেষ্টা মামলায় আইনি ব্যবস্থা ৪টি, পারিবারিক দ্বন্দ নিরসন ৪৬টি, বহুবিবাহ প্রতিরোধ ১টি, নারী নেতৃ তৈরী ৯৮জন, সামাজিক সুরক্ষা কর্মসূচীর আওতায় ৭০জনকে ভিজিডি, ৭জনকে মাতৃত্বকালীন ভাতা, ১১জনকে বিধবা ভাতা, ১জনকে প্রতিবন্ধী ভাতা পেতে সহায়তা করা সহ যৌতুক প্রতিরোধ ইস্যুতে ৪৬২জনকে কুফল জানিয়ে যৌতুক আদান-প্রদানে বিরত রাখা, যৌতুক বিহীন বিয়ে ৬৪টি, এছাড়া ৪০ জন প্রান্তিক নারীকে সরকারী হাসপাতালে বিনামূল্যে চিকিৎসা সেবা নিশ্চিত করা হয়েছে। |
| ৪ | Improved Justice And Legal Services (IJLAS) | ডিএফআইডি | বেলকুচি, কাজিপুর (সিরাজগঞ্জ) | মার্চ ২০১৩ থেকে মার্চ ২০১৭ | ২টি উপজেলায় প্রায় ৩,০০,০০০জনকে সাধারণ আইন সম্পর্কে সচেতন করা হয়েছে, আইনি পরামর্শ প্রদান ৫,০০০জনকে, কেস রেফার ৭৫০টি, দ্বন্দ নিরসন ১০৯টি, রেফারকৃত কেস মিমাংসা ৬২৮টি, ছাত্র/ছাত্রীদের শারীরিক শাস্তি রহিতকরণ সভা ১২টি বিদ্যালয়ে, কমিউনিটি পুলিশিং ফোরামের সাথে ১৯০টি সভার আয়োজনের ফলে ইভটিজিং, বাল্যবিবাহ, যৌতুক, জুয়া ইত্যাদি আগের চেয়ে অনেক কমেছে। |

## জানুয়ারী - জুন ২০১৭ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ:

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্মএলাকা | সময়কাল | লক্ষ্য |
|---|---|---|---|---|---|
| ১ | Vulnerable Group Development (VGD) | মহিলা বিষয়ক অধিদপ্তর | বেলকুচি (সিরাজগঞ্জ) | মার্চ ২০১৭ থেকে ডিসেম্বর ২০১৮ | ২,৪০৪টি হত দরিদ্র ও দুঃস্থ্য নারীকে মোট ৯৭টি দলে ভাগ করে মাসিক ২০০টাকা সঞ্চয় নিশ্চিত করা এবং আইজিএ প্রশিক্ষণ প্রদান করা। এছাড়াও সামাজিক সচেতনতামূলক সভা যেমন বাল্যবিবাহ প্রতিরোধ, যৌতুক, নারীর প্রতি সহিংসতা ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করে তাদেরকে আর্থিকভাবে ও সামাজিকভাবে মর্যাদাবান করে তোলা। |
| ২ | Low Income Community Housing Support Project | পিকেএসএফ | সিরাজগঞ্জ সদর | জুন ২০১৭ থেকে- চলমান | সিরাজগঞ্জ শহরের স্বল্প আয়ের মানুষের আবাসন সমস্যা দূরীকরণে অল্প সুদে গৃহ ঋণ প্রদান করা। গৃহ ঋণের পরিমান সর্বোচ্চ ৪,০০,০০০টাকা এবং সর্বনিম্ন ১,০০,০০০টাকা। |

# রজত জয়ন্তী উৎসব ২০১৭ এর ফটো গ্যালারী



বলিষ্ঠ নেতৃত্ব বিকাশের জন্য ড. কাজী খলীকুজ্জমান আহমদ (চেয়ারম্যান, পিকেএসএফ) এর হাত থেকে সম্মাননা স্মারক নিচ্ছেন মোঃ আলাউদ্দিন খান (নির্বাহী পরিচালক, এনডিপি)



রাশেদা কে চৌধুরীকে (নির্বাহী পরিচালক, গণসাক্ষরতা অভিযান ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা) ফুল দিয়ে স্বাগত জানাচ্ছেন নির্বাহী পরিচালক, এনডিপি



স্টল পরিদর্শন করছেন ড. কাজী খলীকুজ্জমান আহমদ, মুহাম্মদ কামরুল হাসান (অতিরিক্ত জেলা প্রশাসক-সার্বিক, সিরাজগঞ্জ) ও নির্বাহী পরিচালক, এনডিপি



স্টল পরিদর্শন করছেন রাশেদা কে চৌধুরী, কামরুন নাহার সিদ্দীকা (জেলা প্রশাসক, সিরাজগঞ্জ), শাহীনা খাতুন (জেলা প্রশাসক, সিরাজগঞ্জ) ও নির্বাহী পরিচালক, এনডিপি




উজ্জীবিত প্রকল্পের স্টল (আদর্শ উজ্জীবিত বাড়ি)



গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা'র হাত থেকে সম্মাননা স্মারক নিচ্ছেন জেলা প্রশাসক, সিরাজগঞ্জ



এনডিপি বাস্তবায়িত জনগনের ক্ষমতায়নের মাধ্যমে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ প্রকল্পের মাধ্যমে তাড়াশের বৃপাচান গ্রামের মোছাঃ সেমি খাতুন, শ্রেষ্ঠ বাল্যবিবাহ অস্বীকারকারী রজত জয়ন্তী অনুষ্ঠানে নিজের জীবনের কথা তুলে ধরছেন।




২৫ বছর পূর্তি উপলক্ষ্যে এনডিপি'র বর্ণাঢ্য শোভাযাত্রা




এনডিপি পরিবার (র‍্যালি শেষে রাসেল স্কয়্যার, সিরাজগঞ্জ)

## কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৬,০০০.০০ টাকা প্রতিদিন
- প্রশিক্ষণ কক্ষ (এসি) :৩,০০০.০০ টাকা প্রতিদিন

## খাদ্য

| | | |
|---|---|---|
| সকালের নাস্তা | : | ৫০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা) |
| লাঞ্চ/ডিনার | : | (১৩০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ) |
| নাস্তা | : | ২০ টাকা (সিঙ্গারা/সামুচা/কেক ও চা) |
| চা | : | ৫ টাকা (প্রতি কাপ) |
| কফি | : | ১৫ টাকা (প্রতি কাপ) |
| কোমল পানীয় | : | ৪৫ টাকা (৩০০ মিলি ক্যান)/ ২০ টাকা (২৫০ মিলি বোতল) |
| দই | : | ৪০ টাকা (প্রতি প্লেট) |
| মিনারেল ওয়াটার | : | ১৫ টাকা (৫০০ মিলি বোতল) |

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে। আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

## ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীততাপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

## ডরমেটরী

| | | |
|---|---|---|
| সাধারণ নন এসি | : | ৫০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| এসি (সাধারন) | : | ৮০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| এসি ডিলাক্স | : | ১,২০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| লাক্সারি এসি | : | ১,০০০.০০ টাকা (সিঙ্গেল বেড) পার ওভারনাইট |

## বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হবে। ই- মেইলেও যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে

## অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া

## যোগাযোগ ঃ

ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)

এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
টেলিফোন: ০৭৫১-৬৩৮৭৬, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬, ফ্যাক্স: +৮৮-০৭৫১-৬৩৮৭৭
ই-মেইল: akhan_ndp@yahoo.com, ওয়েবসাইট : www.ndpbd.org